

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

স্মারকনং-বশিবো/বিনি/জেএসসি/২০১৫/৬৯৮

তারিখঃ ০২/০২/২০১৫খ্রিঃ

বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তালিকা সংযুক্ত ছক মোতাবেক Excel ফাইল ফরম্যাটে কম্পোজ করে ১২/০২/২০১৫ইং হতে ২২/০২/২০১৫ইং তারিখের মধ্যে বরিশাল বোর্ডে (jcsesif@gmail.com) মেইল করার জন্য বলা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল

অনুমতি প্রাপ্ত ও স্বীকৃতি প্রাপ্ত

মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

বিধিঃ ০১। অসম্পূর্ণ ও ভুল তথ্য প্রেরণের জন্য প্রধান শিক্ষক দায়ী থাকবেন।

০২। শিক্ষার্থীদের বয়সসীমা জেএসসি পরীক্ষার বছরে অর্থাৎ ৩১/১২/১৫ তারিখে ন্যূনতম ১২ বছর পূর্ণ হতে হবে (অর্থাৎ ১৩ বছর চলমান থাকবে)। ১৭ বছরের বেশী ও ১২ বছরের কম বয়সের শিক্ষার্থীদের নিবন্ধন করা যাবে না।

০৩। শিক্ষার্থীদের নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই প্রাথমিক শিক্ষা সমাপনী সনদ অনুযায়ী হতে হবে।

০৪। তালিকার প্রতিটি পাতায় প্রধান শিক্ষকের স্বাক্ষর ও মোবাইল নম্বর লিখতে হবে।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। জেলা শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে যোগাযোগের অনুরোধসহ)।

০২। সিস্টেম এনালিস্ট(ভারঃ), কম্পিউটার শাখা, বরিশাল (শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।

০৪। সংরক্ষণ নথি।

ছকঃ

বিদ্যালয়ের নাম :

জেলার নাম :

উপজেলার নাম :

EIIN NO :

S.L.No.	Student's name	Father's name	Mother's name	Date of birth	Class roll

প্রধান শিক্ষকের স্বাক্ষর